গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**প্রকল্প পরিবীক্ষণ ছক**

**পরিদর্শনের তারিখ: ২২ জুন, ২০১৮**

**পরিদর্শনকারী কর্মকর্তার নাম:** মোহাম্মদ এনামুল আহসান **পদবী :** উপ-পরিচালক, **সেক্টর:** ৭

## ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. প্রকল্পের নাম: বিসিএসআইআর-এর আইএমএমএম-এ একটি খনিজ প্রক্রিয়াকরণ কেন্দ্র প্রতিষ্ঠাকরণ।

২. প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ।

৩.

৩.১ অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): জিওবি।

৩.২ উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪.

৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

৪.২ বাস্তবায়নকারী সংস্থা: বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)।

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়ন কাল | অনুমোদনের তারিখ | *পরিবর্তন(+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ৮৪৫২.৭৪ | ৮৪৫২.৭৪ | | ১২৯৪.৫০ | ০১/০১/২০১৭ হতে ৩০/০৬/২০১৯ | ০৬/০৯/২০১৭ | - | - |
| সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |
| সংশোধিত (২য়) (প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম, ২য় ..... প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): ০.০০%

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): ০.০০%

৬. প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে):

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/ পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| রাজশাহী | জয়পুরহাট | সদর উপজেলা, জয়পুরহাট | জয়পুরহাট পৌরসভা | |

৭. প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):

- আইএমএমএম, বিসিএসআইআর, জয়পুরহাট-এ মিনারেল প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন।
- আধুনিক যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে গবেষণাগার ও গবেষণা কার্যক্রমের সুবিধা বৃদ্ধিকরণ ও খনিজ প্রক্রিয়াকরণ কার্যক্রম বর্ধিতকরণ।
- ব্রহ্মপুত্র নদসহ দেশের বিভিন্ন নদ-নদীর ভারী ও হালকা খনিজ পৃথকীকরণ এবং শিল্প-কারখানায় ব্যবহারযোগ্য করণের লক্ষ্যে খনিজের মান উন্নয়ন।
- প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে খনিজ প্রক্রিয়াকরণ কার্যক্রমে দক্ষ জনবল তৈরী করা।
- দেশী-বিদেশী প্রতিষ্ঠানসমূহকে সরবরাহ ও সেবা প্রদান।

## খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৮. অঙ্গভিত্তিক অগ্রগতি: (লক্ষ টাকা)

| ক্র: নং | অঙ্গের নাম | একক | ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | সর্বশেষ ৩০ জুন পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থবছরের সর্বশেষ মাস পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব (পরিমাণ/ সংখ্যা) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | | ০৫ | | ০৬ | | ০৭ | |
| | কর্মকর্তাদের বেতন | জন | ১২ | ৭৫.৪২ | - | - | - | - | - | - |
| | কর্মচারীদের বেতন | জন | ১৮ | ৫৬.০৫ | - | - | ১২ জন | ৯.৩০ | ১২ জন | ৫.২৬ |
| | ভাতাদি | জন | ৩০ | ১১৭.০২ | - | - | ১২ জন | ১.৩৯ | ১২ জন | ০.২৩ |
| | সরবরাহ ও সেবা | থোক | থোক | ৬৭৯.২০ (২৪৪.৫০) | - | - | থোক | ১৩৩.২৫ (৯২.০০) | থোক | ১২৯.৪৫ (৯২.০০) |
| | মেরামত ও সংরক্ষণ | থোক | থোক | ৩৩৭.০০ | - | - | থোক | ১৩০.০৬ | থোক | ৫৫.২০ |
| | **মোট: রাজস্ব ব্যয়** | - | - | **১২৬৪.৬৯ (২৪৪.৫০)** | - | - | - | **২৭৪.০০ (৯২.০০)** | - | **১৯০.১৪ (৯২.০০)** |
| | যন্ত্রপাতি ও সরঞ্জাম | টি | ৩৫১ | ৩৩১১.৫২ (১০৫০.০০) | - | - | ৩৬ টি | ১৮.০২ | ৩৬ টি | ১৮.০০ |
| | ভূমি অধিগ্রহণ / ক্রয় | একর | ৮.৮১ | ১৪২৭.৪৩ | - | - | ৮.৮১ একর | ১৪২৭.৪৩ | ৮.৮১ একর | ১৪২৭.৪৩ |
| | নির্মাণ ও পূর্ত কাজ | টি | ১৩ | ২৩৪৩.১০ | - | - | ৬ টি | ৩৭৫.৫৫ | ৬ টি | ২৭৬.২৩ |
| | মূলধান খাতে সিডিভ্যাট | থোক | থোক | ৩৫.০০ | - | - | - | - | - | - |
| | **মোট: মূলধন ব্যয়** | - | - | **৭১১৭.০৫ (১০৫০.০০)** | - | - | - | **১৮২১.০০** | - | **১৭২১.৬৬** |
| | ফিজিক্যাল কন্টেনজেন্সি | - | - | ৬২.০০ | - | - | - | - | - | - |
| | প্রাইস কন্টেনজেন্সি | - | - | ৯.০০ | - | - | - | - | - | - |
| | সর্বমোট: | - | - | ৮৪৫২.৭৪ (১২৯৪.৫০) | - | - | - | ২০৯৫.০০ (৯২.০০) | - | ১৯১১.৮০ (৯২.০০) |

৯. অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকা)

| অর্থ বছর | ডিপিপি/টিপিপি সংস্থান | এডিপি/আরএডিপি বরাদ্দ | অর্থ ছাড় (%) | প্রকৃত ব্যয় (%) |
|---|---|---|---|---|
| ২০১৭-২০১৮ | ২৭৯০.৫৩ | ২০৯৫.০০ | ২০৯৫.০০ | ১৯১১.৮০ |

১০. (ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা:

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

| প্যাকেজ (১,২,৩...) | দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| 140442 | ২৬/১১/২০১৭ এবং ৪,৩৭,৩৭,৯৭৪.৩০০ টাকা। | ২৮/০১/২০১৮ এবং ৩,৯৩,৬৪,১৭৬.৮৭০ টাকা। | ২৭২ দিন। চুক্তি মোতাবেক ৩০/১০/২০১৮। | প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। |
| 139362 | ২৬/১১/২০১৭ এবং ৫,২২,৯৩,৩৫৩.৩০০ টাকা। | ০৬/০২/২০১৮ এবং ৪,৭০,৬৯,২৪৭.৩০৫ টাকা। | ২৬৯ দিন। চুক্তি মোতাবেক ০৫/১১/২০১৮। | প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। |
| 154742 | ৩০/০১/২০১৮ এবং ৩০,৭৬,০৫৬.৮৭০ টাকা। | ১৫/০৩/২০১৮ এবং ২৭,৬৮,৪৫১.১৮৩ টাকা। | ১০৫ দিন। চুক্তি মোতাবেক ৩০/০৬/২০১৮। | প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। |
| 158890 | ০৪/০২/২০১৮ এবং ১,৩৯,৮০,৬৮২.৭৯০ টাকা। | ২৫/০৩/২০১৮ এবং ১,২৫,৮২,৬১৪.৫১১ টাকা। | ২১৩ দিন। চুক্তি মোতাবেক ১৮/১০/২০১৮। | প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। |
| 161199 | ০৬/০২/২০১৮ এবং ১,৩৯,৯১,২৮১.৭৯০ টাকা। | ১৫/০৩/২০১৮ এবং ১,২৫,৯২,১৫৪.৫১০ টাকা। | ২১৩ দিন। চুক্তি মোতাবেক ১৮/১০/২০১৮। | প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। |
| 168212 | ২০/০২/২০১৮ এবং ১,০৯,১০,১৪১.৪০০ টাকা। | ১০/০৪/২০১৮ এবং ৯৮,১৯,৩৪৫.৪৬২ টাকা। | ২১০ দিন। চুক্তি মোতাবেক ০৯/১২/২০১৮। | প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। |

১১. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

| প্রকল্প পরিচালক-এর আইডি নং | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| ড. মোহাম্মদ নাজিম জামান | আইএমএমএম, বিসিএসআইআর, জয়পুরহাট | ০৫/১০/২০১৭ হতে অদ্যাবধি | অতিরিক্ত | না | প্রযোজ্য নয়। |

১২. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে): জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন পেট্রোবাংলার অব্যবহৃত ৮.৮১ একর জমি ও ২টি পরিত্যক্ত আবাসিক ভবন অধিগ্রহণ করে "বিসিএসআইআর-এর আইএমএমএম-এ একটি খনিজ প্রক্রিয়াকরণ কেন্দ্র প্রতিষ্ঠাকরণ" প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ৮.৮১ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে। জেলা প্রশাসক, জয়পুরহাট বরাবর ১৪,২৭,৪২,২৭৪.৯২ টাকা পরিশোধ করা হয়েছে।

১৩. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: প্রকল্পটি চলতি অর্থ বছরে শুরু হয়েছে, এখনও অডিট হয়নি।

১৪. স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত: ১টি স্টিয়ারিং ও ১টি পিআইসি সভা হয়েছে।

১৫. Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে):

প্রশাসনিক মন্ত্রণালয়ের http://pmes.most.gov.bd/অনলাইনে নিয়মিত তথ্য আপডেট করা হয়।

## গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৬. (ক) পরিদর্শনকৃত এলাকা: আইএমএমএম, বিসিএসআইআর, জয়পুরহাট।

(খ) পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ: প্রযোজ্য নয়।

১৭. পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:

ক. অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিএপিপি'র সংস্থান প্রতিপালন: অঙ্গভিত্তিক কার্যক্রম চলমান রয়েছে।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ: আইন/বিধি অসুসরণ করা হচ্ছে।

গ. গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):

- সম্পাদিত কাজ: গুনগতমান বজায় রাখা হচ্ছে।
- ব্যবহৃত পণ্য/ উপকরণ: গুনগতমান সঠিক রয়েছে।

ঘ. সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে): সাইট বই-এ নির্মান ও পূর্ত কাজ লিপিবদ্ধ করা হয়।

ঙ. বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা (যদি থাকে):

চ. সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে): প্রযোজ্য নয়।

ছ. অন্যান্য বিষয় (যদি থাকে): নাই।

১৮. সার্বিক পর্যবেক্ষণ:

১৮.১ প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম জেলায় অবস্থিত ব্রহ্মপুত্র নদের বালু হতে মূল্যবান ভারী মণিক বা মিনারেল (ইলমিনাইট, রুটাইল, গারনেট, জিরকন, ম্যাগনেটাইট) পৃথকীকরণের গবেষণা ও বানিজ্যিক করণের ফলাফলের ভিত্তিতে একটি প্রাথমিক সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন প্রস্তুত করা হবে। ব্রহ্মপুত্র নদের কোন কোন বালুর চর/এলাকার প্রতি টন বালু হতে কোন কোন মিনারেল কি পরিমানে পৃথক হচ্ছে - এ সংক্রান্ত তথ্যদির ভিত্তিতে বাংলাদেশ সরকার নিজস্ব অর্থায়নে অথবা বেসরকারী দেশী-বিদেশী কোম্পানী উক্ত এলাকাতে খনিজ উত্তোলন ও প্রক্রিয়াকরণের শিল্প-কারখানা স্থাপনে আগ্রহী হবে।

১৮.২ প্রকল্পের মাধ্যমে ব্রহ্মপুত্র-যমুনা নদীর বালু হতে মুল্যবান ভারি মনিক ইলমেনাইট, জিরকন, রুটাইল, গারনেট, ম্যাগনেট আধুনিক পৃথকীকরণ পদ্ধতির মাধ্যমে অর্থনৈতিকভাবে লাভজনক উপায়ে পৃথকের পদ্ধতি উদ্ভাবন করা হবে। এছাড়া পরবর্তীতে পদ্মা, তিস্তা, মেঘনা, সোমেশ্বরী সহ অন্যান্য নদীর বালু হতে এধরনের গবেষণা অব্যাহত থাকবে।

১৮.৩ ব্রহ্মপুত্র ছাড়া অন্যান্য নদীর স্যান্ড বার-এর সম্ভাব্য খনিজ বালুর উপর অধিকতর ও আধুনিক পরীক্ষা-নিরীক্ষা প্রস্তাবিত Mineral Processing Center এ করা সম্ভব হবে। Mineral Processing Center প্রতিষ্ঠিত হলে আইএমএমএম-এর মাইনিং, মিনারেলজি এবং মেটালার্জিক্যাল কর্মকান্ড তরান্বিত হবে ও বিশেষভাবে সহায়ক হবে। প্রস্তাবিত Mineral Processing Center স্থাপনের উপকারিতা/Benefits:

- এটি বাংলাদেশের প্রথম নদীর খনিজ বালু হতে মুল্যবান ভারি মনিক পৃথকীকরণের গবেষণাগার হবে যার মাধ্যমে দেশের সকল নদীর বালু নিয়ে গবেষণা সম্ভব হবে।
- খনি উন্নয়ন, পৃথকীকরণ পদ্ধতি উদ্ভাবন, মজুদ নির্ণয় করা যাবে।
- গবেষণা সেন্টারের ফলাফলের ভিত্তিতে সরকার নিজস্ব অর্থায়নে খনি উন্নয়ন করতে পারবে এবং এছাড়া দেশি-বিদেশি মাইনিং কোম্পানীগুলোর সাথে আলোচনার মাধ্যমে সঠিক Royalty পেতে সামর্থ্য হবে।


- এ গবেষণা সেন্টারের দেশি-বিদেশি মাইনিং কোম্পানীগুলোকে Analytical service প্রদান করা হবে।
- দক্ষ জনশক্তি গড়ে তোলা হবে যারা দেশি-বিদেশি মাইনিং কোম্পানীগুলোতে কাজ করার সুযোগ পাবে।
- বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের গবেষণা কার্যক্রমে সহায়তা করবে।
- দেশে খনিজ বালু বিষয়ক নতুন শিল্প কারখানা গড়ে উঠতে উল্লেখযোগ্য ভুমিকা রাখবে।

১৮.৪ প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে বাস্তব অগ্রগতি নিম্নরূপ:

| ক্র: নং | প্রকল্পের উদ্দেশ্য | অগ্রগতি |
|---|---|---|
| ১। | আইএমএমএম, বিসিএসআইআর, জয়পুরহাট-এ মিনারেল প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন। | মিনারেল প্রক্রিয়াকরণের লক্ষ্য গবেষণাগার ভবনসমূহের নির্মান কাজ চলমান রয়েছে। |
| ২। | আধুনিক যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে গবেষণাগার ও গবেষণা কার্যক্রমের সুবিধা বৃদ্ধিকরণ ও খনিজ প্রক্রিয়াকরণ কার্যক্রম বর্ধিতকরণ। | যন্ত্রপাতি সংগ্রহের জন্য দরপত্র আহবান ও প্রক্রিয়াকরণের কাজ শুরু হয়েছে। নির্মিতব্য ভবনসমূহে যথাসময়ে যন্ত্রপাতি স্থাপন করা সম্ভব হবে। |
| ৩। | ব্রহ্মপুত্র নদসহ দেশের বিভিন্ন নদ-নদীর ভারী ও হালকা খনিজ পৃথকীকরণ এবং শিল্প-কারখানায় ব্যবহারযোগ্য করণের লক্ষ্যে খনিজের মান উন্নয়ন। | ব্রহ্মপুত্র নদের খনিজ বালু সংগ্রহ করা হয়েছে। গবেষণা নমুনা নিয়ে একজন বিজ্ঞানী বর্তমানে আরএমআইটি বিশ্ববিদ্যালয়, অস্ট্রেলিয়াতে পিএইচডি গবেষণা করছেন। এছাড়াও ইন্সটিটিউটের গবেষণাগারে প্রাথমিক কাজ চলমান রয়েছে। |
| ৪। | প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে খনিজ প্রক্রিয়াকরণ কার্যক্রমে দক্ষ জনবল তৈরী করা। | প্রকল্পের আওতায় সিএসআইআরও, অস্ট্রেলিয়াতে একজন বিজ্ঞানী মিনারেল প্রক্রিয়াকরণের উপর ৪(চার) মাসের প্রশিক্ষণ গ্রহণ করছেন। ইতোমধ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশ এন্ড প্রোডাকশন কোম্পানী লি. হতে ০৫(পাঁচ) জন কর্মকর্তা মিনারেলজি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। |
| ৫। | দেশী-বিদেশী প্রতিষ্ঠানসমূহকে সরবরাহ ও সেবা প্রদান। | বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)-এর ব্রহ্মপুত্র নদের বিভিন্ন বালু চরের ২৮৭টি নমুনার মিনারেল চিহ্নিতকরণ, পৃথকীকরণ, রাসায়নিক বিশ্লেষণ ইত্যাদি কাজ সরবরাহ ও সেবা চলতি অর্থ বছর প্রদান করা হচ্ছে। সেবার আওতায় ইন্সটিটিউটের প্রায় ২০(বিশ) লক্ষ টাকার অধিক আয় হবে। |

১৮.৫ ২৪ জুন ২০১৮ পর্যন্ত প্রকল্পের বিপরীতে ২০৯৫.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। তার মধ্যে ২০৯১.৯৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। আর্থিক অগ্রগতি ৯৯.৯৫%।

১৯. প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:



চিত্র: ১ মিনারেল প্রসেসিং কাম প্ল্যান্ট ভবনের পাইলিং, লোড টেষ্ট ও কলাম নির্মান শেষে ছাদ ঢালাইয়ের প্রস্তুতি চলমান। ভবনটি নির্মানের জন্য ২৮/০১/২০১৮ তারিখে ৩,৯৩,৬৪,১৭৬.৮৭০ টাকায় চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তির মেয়াদ শেষ হবে আগামী ৩০/১০/২০১৮ তারিখে। নির্ধারিত সময়ে কাজ শেষ হবে বলে প্রতীয়মান হয়।




চিত্র: ২ মিনারেল প্রসেসিং কাম ল্যাব ভবনের পাইলিং, লোড টেষ্ট কাজ শেষে শর্ট কলাম উত্তোলনের প্রস্তুতি চলছে। ভবনটি নির্মানের জন্য ০৬/০২/২০১৮ তারিখে ৪,৭০,৬৯,২৪৭.৩০৫ টাকায় চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তির মেয়াদ শেষ হবে আগামী ০৫/১১/২০১৮। তারিখে। নির্ধারিত সময়ে কাজ শেষ হবে বলে প্রতীয়মান হয়।



চিত্র: ৩ মিনারেল স্টোর ভবনের পাইলিং ও লোড টেষ্ট কাজ শেষে শর্ট কলাম উত্তোলনের প্রস্তুতি চলছে। ভবনটি নির্মানের জন্য ১০/০৪/২০১৮ তারিখে ৯৮,১৯,৩৪৫.৪৬২ টাকায় চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তির মেয়াদ শেষ হবে আগামী ০৯/১২/২০১৮ তারিখে। নির্ধারিত সময়ে কাজ শেষ হবে বলে প্রতীয়মান হয়।



<u>চিত্র: ৪</u> ভবন এফ - ১ এবং ভবন - ২ এর মেরামত কাজ চলমান রয়েছে। এফ - ১ ভবনটি মেরামতের জন্য ২৫/০৩/২০১৮ তারিখে ১,২৫,৮২,৬১৪.৫১১ টাকায় এবং এফ - ২ ভবনটি মেরামতের জন্য ১৫/০৩/২০১৮ তারিখে ১,২৫,৯২,১৫৪.৫১০ টাকায় চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তির মেয়াদ শেষ হবে আগামী ১৮/১০/২০১৮ তারিখে। ভবন দুটির অন্ত: ও বহি:দেয়াল প্লাষ্টার, দরজা স্থাপন, পানি ও ইলেকট্রিক্যাল কাজ সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ে বাকী থাই-অ্যালুমিনিয়াম জানালা ও মেঝের নেট ফিনিশিং কাজ শেষ হবে বলে প্রতীয়মান হয়।



<u>চিত্র: ৫</u> সীমানা প্রাচীরের উচ্চতা বৃদ্ধি ও মাটি ভরাট কাজ চলমান রয়েছে।

২০. **সুপারিশ/মতামত:**

২০.১ প্রকল্প এলাকায় আরও ভূমি উন্নয়নের প্রয়োজনীয়তা রয়েছে। সীমানা প্রাচীরের উচ্চতা বৃদ্ধির প্রয়োজনীয়তা রয়েছে।

২০.২ প্রকল্প এলাকায় শুধুমাত্র রাস্তার পরিমাপ ডিপিপি-তে ধরা হয়েছে কিন্তু গবেষণাগারের ভবনসমূহের মাঝের জায়গাতে গাড়ী পার্কিং সুবিধার জন্য পার্কিং-লট বা জায়গাটি পাকা করা যেতে পারে।

২০.৩ আবাসিকভবন ও গবেষণাগারের মাঝে একটি গর্ত বা খাল রয়েছে, জায়গাটি বেশী গর্ত ও বড় করে একটি পুকুরের সংস্থান করতে হবে, যাতে করে আপদকালিন সময়ে পুকুরের পানি অগ্নি-নির্বাপন কাজে ব্যবহার করা যায়। এছাড়া পুকুরের দু'ধার-কে সংযোগ সেতুর মাধ্যমে সংযুক্ত করা যেতে পারে।

২০.৪ প্রকল্পের বাস্তবায়নকাল ০১/০১/২০১৭ হতে ৩০/০৬/২০১৯ তারিখ পর্যন্ত। প্রকল্প পরিচালক নিয়োগ করা হয় ০৬/০৯/২০১৭ তারিখে। নির্ধারিত বাস্তবায়নকাল মেয়াদে প্রকল্পের সকল কার্যক্রম বাস্তবায়ন করার জন্য অবশিষ্ট কাজের CPM এবং PERT প্রণয়ন এবং গ্যাণ্ডট চার্টের মাধ্যমে সময় ভিত্তিক কর্মপরিকল্পনা অবশ্যই প্রণয়ন করতে হবে। সময় ভিত্তিক কর্মপরিকল্পনা তৈরীর লক্ষ্যে অবশিষ্ট কাজের Work breakdown structure প্রণয়ন করতে হবে এবং সে মোতাবেক দ্রুত কার্যসমাপ্ত করতে হবে।

২০.৫ নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কার্যক্রম সমাপ্তির লক্ষ্যে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে এবং একই সাথে অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী প্রকল্প বাস্তবায়নকারী কমিটির ও প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন অব্যাহত রাখতে হবে।

২০.৬ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ২০.১ হতে ২০.৫) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও কর্মসূচী বাস্তবায়নকারী কর্তৃপক্ষ আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।

পরিদর্শনকারী কর্মকর্তা

স্বাক্ষর ......২৯/০৬/১৮
নাম: মোহাম্মদ এনামুল আহসান
পদবী: উপ-পরিচালক
তারিখ: ২৯/০৬/১৮
ফোন নম্বর: ৯১৮০৭০৬